

অনুরূপভাবে 'ছাড়া কেউ নয়', 'ব্যতীত কেউ নয়'— এরূপ বাক্যাংশ যুক্ত থাকলে বচনে রূপান্তরের সময় একই নিয়ম অনুসরণ করতে হবে।

যেমন, 'মহান ব্যক্তির ছাড়া আর কেউ মহান ব্যক্তিদের অসুখী মনে করেনা'— এর যুক্তিবিজ্ঞানসম্মত রূপ হল : 'সকল ব্যক্তি যারা মহান ব্যক্তিদের অসুখী মনে করে হয় মহান ব্যক্তি' (A)।

- 'শুধুমাত্র', 'কেবলমাত্র', 'একমাত্র' ইত্যাদি শব্দ যদি কোন নগ্ৰ্থক বচনে থাকে তবে সেটির যুক্তিবিজ্ঞানসম্মত রূপ হবে A এবং E বচনের যুক্ত রূপ।

কয়েকটি উদাহরণ :

একমাত্র অধ্যাপকগণই সরকারী অর্থে দেশভ্রমণের সুযোগ পান না।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন অধ্যাপক নন এমন যারা সরকারী অর্থে দেশভ্রমণের সুযোগ পান (E); এবং, সকল অ-অধ্যাপক হন এমন যারা সরকারী অর্থে দেশভ্রমণের সুযোগ পান (A)। (এই দুটি বচনকে 'এবং' শব্দ দ্বারা যুক্ত করতে হবে।)

শুধুমাত্র শিশুরাই এই পদের যোগ্য নয়।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন শিশু নয় এই পদের যোগ্য ব্যক্তি (E); এবং, সকল অ-শিশু হয় এই পদের যোগ্য (A)।

- 'প্রায় সব', 'কয়েকজন বাদে সবাই', 'প্রায় প্রত্যেকে' ইত্যাদি বা এদের সমার্থক শব্দ কোন বাক্যে থাকলে বাক্যটিকে I এবং O — এর যুক্ত আকারে প্রকাশ করতে হবে।

উদাহরণ :

প্রায় সব ছাত্রই বুদ্ধিমান।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন ছাত্র হয় বুদ্ধিমান ব্যক্তি (I); এবং, কোন কোন ছাত্র নয় বুদ্ধিমান ব্যক্তি (O)।

কয়েকজন বাদে প্রায় সব ছাত্র পাশ করেছে।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : কোন কোন ছাত্র হয় এমন যারা পাশ করেছে (I) এবং কোন কোন ছাত্র নয় এমন যারা পাশ করেছে (O)।

- যে সব সদর্থক বচন একবাচক এবং তার উদ্দেশ্যপদ নির্দিষ্ট পদ, তাকে বলে বিশিষ্ট বচন বা ব্যক্তিবিশয়ক বচন। এই ধরনের বচন হল A বচন। আর, একবাচক এবং উদ্দেশ্য পদ নির্দিষ্ট কোন বাক্য নগ্ৰ্থক হলে সেটির রূপ হবে E বচন।

কয়েকটি উদাহরণ :

প্লেটো হন একজন দার্শনিক।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : প্লেটো হন একজন দার্শনিক (A)।

বঙ্কিমচন্দ্র বৈজ্ঞানিক নন।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : বঙ্কিমচন্দ্র নন বৈজ্ঞানিক (E)।

এই কারখানাটিতে ধর্মঘট হয়েছে।

যুক্তিবিজ্ঞানসম্মত রূপ : এই কারখানাটি হয় এমন যেখানে ধর্মঘট হয়েছে। (A)